

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

[www.lged.gov.bd](http://www.lged.gov.bd)

স্মারক নং-এলজিইডি/সিই/জিআইএস/এম-০১(অংশ-২)/২০১৫/২৭১


তারিখঃ ০২/০৯/২০১৫ইং

অফিস আদেশ

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এলজিইডি'র জিআইএস ইউনিটের কালার প্রিন্টার মূলত জিআইএস সম্পর্কিত কাজ সম্পাদনের নিমিত্তেই সংগৃহীত। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু ইউনিট/প্রকল্প থেকে গতানুগতিক প্রকৃতির, এমনকি ব্যক্তিগত ডকুমেন্টেরও রঙিন প্রিন্ট আউটের জন্য জিআইএস ইউনিটে অনুরোধ প্রেরণ/চাপ সৃষ্টি করা হয়। এতে করে জিআইএস ইউনিটের মূল কাজ ব্যহত হওয়া সহ ইউনিটের বাজেট বরাদ্দ ব্যবহারে বিশৃঙ্খলা সৃষ্টি হচ্ছে। এ ধরনের অবস্থা অনভিপ্রেত। এখন থেকে রঙিন প্রিন্ট আউটের কাজ স্ব স্ব ইউনিট/প্রকল্প কে তাদের বাজেট থেকে নিজস্ব ব্যবস্থাপনায় (প্রয়োজনে বাজার থেকে) সম্পাদন করতে হবে। অতি জরুরী ও গুরুত্বপূর্ণ বিবেচনায় কোন রঙিন প্রিন্ট আউটের প্রয়োজন হলে তা জিআইএস ইউনিটের নির্ধারিত ফরম্যাটে আবেদন ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি)-র অনুমোদন নিয়ে করতে হবে।

এছাড়া আরো লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন ইউনিট/প্রকল্প থেকে নন-জিআইএস কাজ (যেমনঃপাওয়ার পয়েন্ট উপস্থাপনা তৈরী, মাইক্রোসফট ওয়ার্ড বা এক্সেল সংক্রান্ত ডকুমেন্ট তৈরী ইত্যাদি) এর জন্য জিআইএস ইউনিটের কর্মকর্তাদের অনুরোধ করা হয়। উল্লেখ্য যে, আলোচ্য ইউনিট-টি একটি বিশেষায়িত কাজের জন্য সৃষ্ট। এখন থেকে স্ব স্ব ইউনিট/প্রকল্পকে এ ধরনের নন-জিআইএস কাজ সম্পাদনের জন্য সক্ষমতা অর্জন করা এবং জিআইএস ইউনিটে এ সংক্রান্ত অনুরোধ না পাঠানোর জন্য নির্দেশনা প্রদান করা হলো।

এ আদেশ অনতিবিলম্বে কার্যকর হবে।

  
(শ্যামা প্রসাদ অধিকারী)  
প্রধান প্রকৌশলী  
ফোন : ০২- ৯১২৪০২৭  
ই-মেইল : ce@lged.gov.bd

অনুলিপিঃ

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ..... এলজিইডি সদর দপ্তর।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ..... এলজিইডি সদর দপ্তর।
- ৩। প্রকল্প পরিচালক, ..... এলজিইডি সদর দপ্তর।
- ৪। .....

তঁর আওতাধীন সকল  
কর্মকর্তাদের অবহিত করার  
জন্য অনুরোধ করা হলো